DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 08:02 AM

বিনোদন

# দীর্ঘ ৮ বছর পর বড় পর্দায় আমিন খান

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ০৩ আগস্ট ২০২৬, ১১:১১ AM



ছবি: চিত্রনায়ক আমিন খান।

দীর্ঘ আট বছর পর আবারও বড় পর্দায় ফিরছেন চিত্রনায়ক আমিন খান। প্রযোজক ও নির্মাতা এমডি ইকবালের তারকাবহুল সিনেমা গুলশানের চামিলি দিয়ে ফিরছেন তিনি।

শনিবার (০১ আগস্ট) রাজধানীর একটি পাঁচতারকা হোটেলে সিনেমাটির মহরত অনুষ্ঠিত হয়। এ সময় নির্মাতা সিনেমাটির অভিনয়শিল্পীদের নাম ঘোষণা করেন।

দীর্ঘ বিরতির পর নতুন সিনেমায় অভিনয়ের বিষয়ে বিষয়ে বলেন, অনেক দিন পর ক্যামেরার সামনে দাঁড়াতে পেরে ভালো লাগছে। মাঝখানে দীর্ঘ বিরতি থাকলেও এবার গল্প ও চরিত্রের প্রতি আগ্রহ থেকেই সিনেমাটিতে কাজ করার সিদ্ধান্ত নিয়েছি। কারণ এর মধ্যে অনেকগুলো কাজের সুযোগ এলেও ব্যাটে বলে মিলছিল না। এবারের গল্পটি আমার চমৎকার লেগেছে। এ ছাড়া সিনেমায় যারা অভনিয় করছেন, প্রতিটি

আর্টিস্টিই গুণী। তাই ইকবাল যখন আমাকে কাজটি নিয়ে বলে, আমি তাদের সঙ্গে কাজ করার সুযোগ হাতছাড়া করতে চাইনি।"

রাজনীতি, ক্ষমতার অপব্যবহার এবং অভিজাত সমাজের অন্ধকার বাস্তবতাকে কেন্দ্র করে নির্মিত হচ্ছে "গুলশানের চামেলি"। গল্পের কেন্দ্রবিন্দুতে রয়েছেন এক যৌনকর্মী, যিনি কোনো অপরাধ না করেও বারবার ক্ষমতার নির্মম শিকার হন।

সিনেমাটিতে আমিন খানের পাশাপাশি অভিনয় করবেন কলকাতার অভিনেত্রী মধুমিতা সরকার, রোজিনা, আজমেরী হক বাঁধন, ওমর সানী, মিশা সওদাগর, আশীষ খন্দকার ও মুকিত জাকারিয়াসহ আরও অনেকে। আগামী নভেম্বরে সিনেমাটির শুটিং শুরু হবে বলে জানা গেছে।

---

## এ বিভাগের আরও খবর



**রাজধানীতে অভিনেত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার**
রাজধানীর ভাটারা এলাকা থেকে জনপ্রিয় মডেল ও অভিনেত্রী রিধিকা রিধির মরদেহ উদ্ধার করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) সকাল ছয়টার দিকে সিলিং ফ্যানে ঝুলন্...



**সেলেনা গোমেজের ভিডিও ফাঁস, মুহূর্তেই ভাইরাল!**
আইনি বিপাকে জনপ্রিয় মার্কিন তারকা সেলেনা গোমেজ। মানসিক স্বাস্থ্যের প্রসারে তৈরি করা তাঁর ভেঞ্চার ওয়ান্ডারমাইন্ড সংস্থাকে ঘিরে জালিয়াতির অভি...




প্রতীকী ছবি

### ডিজিটাল যুগে শর্টকার্টে তারকা, আশীর্বাদ নাকি অভিশাপ

একসময় তারকা হতে হলে বছরের পর বছর সাধনা, প্রশিক্ষণ এবং গণমাধ্যমের স্বীকৃতি প্রয়োজন হতো। এখন একটি স্মার্টফোন, ইন্টারনেট সংযোগ এবং ৩০ সেকেন্ডের...



### শাড়ি নিয়ে প্রতারণা : আত্মসমর্পণ করে জামিন পেলেন তানজিন তিশা

শাড়ি নিয়ে প্রতারণা ও বিশ্বাসভঙ্গের মামলায় আত্মসমর্পণের পর জামিন পেয়েছেন অভিনেত্রী তানজিন তিশা।বৃহস্পতিবার (১৩ অগাস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/dirgh-8-bchhr-pr-br-prday-amin-khan